

বোরকা পরে ছাত্রীদের ক্লাসে অতঃপর হাজতে

নিজস্ব প্রতিবেদক >

ছাত্রীদের ক্লাসরুমে বোরকা পরে ঢুকে পড়েছিল যুবক। উদ্দেশ্য ছিল বখাটেপনার। কিন্তু শেষ পর্যন্ত ধরা পড়ে করতে হচ্ছে হাজতবাস। গতকাল শনিবার রাজধানীর হাজারীবাগে অবস্থিত সালেহা কুল অ্যান্ড কলেজে ঘটেছে এ ঘটনা। যুবকের নাম রাসেল আকতার (১৯)। বাড়ি কামরাঙ্গীরচর রসুলপুরে। হাজারীবাগ থানার ওসি মীর আলিমুজ্জামান বলেন, সকাল ১০টার দিকে কুলটিতে বোরকা পরে ঢুকে ছাত্রীদের ক্লাসে যায় রাসেল। শিক্ষক ক্লাস শেষ করে বের হওয়ার পর ছাত্রীদের নজরে আসে বোরকা পরিহিত যুবকের পায়ের স্যান্ডেল। দ্রুত বিষয়টি প্রধান শিক্ষককে জানালে নিরাপত্তাকর্মীদের সহযোগিতায় আটক করা হয় যুবককে। পরে তাকে পুলিশে সোপর্দ করা হয়েছে। আন্যমাণ আদালতে হাজির করে যুবকের শাস্তির ব্যবস্থা করা হবে বলে পুলিশ জানিয়েছে। কলেজের অধ্যক্ষ নজরুল ইসলাম জানিয়েছেন, রাসেল এক সময় এ প্রতিষ্ঠানের শিক্ষার্থী ছিল। দুই বছর আগে এসএসসি পাস করে চলে গেছে। এখন পলিটেকনিকে পড়ছে। তার বিরুদ্ধে অহিনানুগ ব্যবস্থা নেওয়া হচ্ছে।